দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

ফোন ঃ ০৫৩১-৬৪৪৬৫(অফিস)
০৫৩১-৬৪১৯৬ (অভিযোগ কেন্দ্র)
ফ্যাক্স ঃ ০৫৩১-৫১৮৭৪
ইমেইল-dpbsone@gmail.com

স্মারক নং-২৭.১২.২৭৬৪.৫১৮.০২.০৮.২০. ৬৭১৭

তারিখ- ২১ অগ্রহায়ণ'১৪২৭ বঙ্গাব্দ
০৬/১২/২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শুন্য পদে লোকবল নিয়োগের নিমিত্ত প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে নিয়োক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও ধরন	বেতন স্কেল	বয়স	প্রার্থীর যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
০১	ড্রাইভার, স্থায়ী	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৬,৬০০ টাকা হতে ২৯,৯০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	বয়স ১৮ বছর হতে সর্বোচ্চ ৪৫ বছর।	(ক) প্রার্থী সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ ন্যুনতম ইংরেজি শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, দিক নির্দেশনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পুর্নাঙ্গ প্রতিবেদন তৈরী এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে। (খ) BRTA প্রদত্ত প্রার্থীর বৈধ এবং লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। (গ) লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর প্রার্থীকে যে কোন সরকারী/ আধাসরকারী/স্বায়িত্বশাসিত/বৃহৎশিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষন কাজে ন্যুনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসাবে গন্য করা হবে। বিগত ৩(তিন) বছরের মধ্যে কোন ধরণের দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর প্রধান কর্তৃক প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। (ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষায় ছোটখাট ধরণের ইঞ্জিন মেরামত, টিউন-আপ, সাধারণ রক্ষনাক্ষেন জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে। (ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় পবিস/বিআরইবি (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে। (চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা সহ দৃষ্টি শক্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (ছ) ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ বয়সসীমা ৪৫ বছর হতে হবে।	বান্দরবন, বগুড়া, দিনাজপুর,গাইবান্ধা জয়পুরহাট, কুড়িগ্রাম লালমনিরহাট, মেহেরপুর, নাটোর নীলফামারী পঞ্চগড়, রাজশাহী রংপুর, ঠাকুরগাঁও।

শর্তাবলীঃ

০১. আগ্রহী প্রার্থীগণকে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.dinajpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে প্রবেশ পত্র সহ ০৪ পৃষ্ঠা ডাউনলোড অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে সরাসরি সংগ্রহপূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদন পত্র পৌঁছাতে হবে (সরাসরি বা হাতে হাতে আবেদন গ্রহণযোগ্য হবে না)। নির্দিষ্ট ফরম ব্যাতিত সাদা কাগজে/টাইপকৃত কাগজে এবং বিলম্বে প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না। আগ্রহী প্রার্থীগণকে উক্ত ওয়েব সাইট এ প্রকাশিত সকল শর্তাবলী অনুযায়ী আবেদন ফরম ডাউন লোড পূর্বক যথাযথভাবে পূরণ করে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করলে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানক দাখিল করতে হবে।

০২. **প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করতে হবেঃ**

ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

খ) বৈধ এবং লেমিনেটেড ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;

গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) ছবির পিছনে প্রার্থীর নাম সম্বলিত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

চ) বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে "দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১" এর অনুকূলে ১০০/-(একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে;

০৩. ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ন্যুনতম ১৮ বৎসর হতে সর্বোচ্চ ৪৫ বৎসরের মধ্যে হতে হবে (জন্ম তারিখের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

০৪. অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভূল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে/পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

চলমান পাতা

০৫. প্রার্থী কর্তৃক তার ড্রাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬. প্রাপ্ত আবেদনসমূহের প্রাথমিক যাচাই-বাছাইয়ে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রবেশপত্র রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হবে।

০৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্বাস্থ্য ও দৃষ্টিশক্তি পরীক্ষা পবিসের মনোনীত ডাক্তার দ্বারা সম্পন্ন করা হবে। অতঃপর সকল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সমন্বয়ে চূড়ান্ত প্যানেল প্রস্তুত করা হবে।

০৮. চূড়ান্ত প্যানেল হতে জেলা কোটার প্রাপ্যতা সাপেক্ষে মেধাক্রম অনুযায়ী নিয়োগপত্র ইস্যু করা হবে। বর্ণিত পদের জন্য যে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

০৯. সকল পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই মূল ড্রাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা, ও অন্যান্য সনদপত্রের মূল কপি নিয়োগ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।

১০. চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য "অন-প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে সমিতির নিজস্ব বেতন কাঠামোর আওতায় নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে। "অন-প্রবেশন"কাল সর্বোচ্চ ০৬ (ছয়) মাস বর্ধিত হতে পারে যা ০২ (দুই) বারের বেশি হবে না। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিকেল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষুবিশেষজ্ঞের নিকট হতে স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে।

১১. দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে রক্ত সম্পর্কীয় কেই আবেদন করলে যদি তা উদঘাটিত হয় তবে তা পরবর্তীতে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা/নিয়োগ কোন কারণ ব্যাতিরেকেই তাৎক্ষনিকভাবে বাতিল করা হবে।

১২. প্রতারনামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে যদি তা পরবর্তীতে উদঘাটিত হয় তাহলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৩. সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া আবেদন করা হলে তা বাতিল বলে গন্য হবে।

১৪. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী, পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সর্বশেষ সরকারি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১৫. অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা বা তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে যদি তা উদঘাটিত হয় তাহলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন ধরণের তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৬/১১/২০২০

(প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যাঃপঃ (উত্তরাঞ্চল)পরিদপ্তর,বাপবিবো,ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো,ঢাকা।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডে এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
(০১–০৫) সদয় অবগতির জন্য
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------------------পবিস ১/২/৩/৪।
০৭। ডিজিএম (সদর-কারিগরী/বিরল/বীরগঞ্জ/রানীরবন্দর/চিরিরবন্দর) জোনাল অফিস, দিপবিস-১।
০৮। এজিএম (অর্থ),দিপবিস-১।
০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১),দিপবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১০। নোটিশ বোর্ড, দিপবিস-১।
১১। অফিস কপি/মাষ্টার কপি

০৬/১১/২০২০

(প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)
জেনারেল ম্যানেজার

ISO 9001:2015 Certified

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ড্রাইভার পদে প্যানেলভূক্তি / নিয়োগ লাভের জন্য আবেদন ফরম।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
উত্তর গোবিন্দপুর, দিনাজপুর

....
১. আবেদনকৃত পদের নাম ২. পদের ধরণ
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

....
৩. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৪ পত্রিকায় প্রকাশনার তারিখ

....
৫. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৬. জন্ম তারিখ(জাতীয় পরিচয় পত্র/নিবন্ধন অনুযায়ী)

.... (দিন/মাস/বছর)

....
৭. মাতার নাম ৮. বয়স (২৮/১২/২০২০খ্রিঃ তারিখে)

....
০৯. পিতার নাম ১০. ধর্ম

....
১১. জাতীয়তা ১২. নিজ জেলা

....
১৩. টেলিফোন/ মোবাইল নম্বর ১৪. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৫. মুক্তিযোদ্ধা কোটায় সম্পৃক্ত থাকলে নীচের বক্সের সংশ্লিষ্ট স্থানে টিক চিহ্ন (√) দিন ঃ

☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র / কন্যা

১৬. স্থায়ী ঠিকানাঃ

....
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

....
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

....
১৮. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ১৯. ব্যাংক ড্রাফট এর মূল্য ২০. ইস্যুর তারিখ

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী	সার্টিফিকেট অর্জনের বছর

২২. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২৫. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

কর্মরত পবিসের নাম	পদের নাম	বর্তমান পদে মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে)	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড)

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

---------------------------------   ---

তারিখ   আবেদনকারী স্বাক্ষর

বিদ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত শাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ISO-9001:2015 Certified

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

উত্তর গোবিন্দপুর, দিনাজপুর

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

লিখিত(এমসিকিউ)/লিখিত(রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ....

পরীক্ষার তারিখ ঃ ....

পরীক্ষার সময় ঃ ....

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ....

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ ....

প্রার্থীর নাম ঃ ....

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক..

প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১) পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২) নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩) উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪) পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫) চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬) পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭) পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮) উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস এর কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।